

# সুপ্রায়

বৃহস্পতিবার ২৬ অক্টোবর ২০১৭ • ১১ কার্তিক ১৪২৪



ইউআইইউতে মার্কেটিং সামুরাই প্রতিযোগিতায় বিজয়ী ও 'অতিথিরা'

## ইউআইইউতে 'মার্কেটিং সামুরাই' প্রতিযোগিতা

তরুণ উদ্যোক্তাদের উৎসাহিত করতে ইউআইইউতে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ইউআইইউ) অনুষ্ঠিত হয়েছে মার্কেটিং সামুরাই প্রতিযোগিতা। বাংলাদেশের জাতীয় পর্যায়ে মার্কেটিং প্রতিযোগিতাগুলোর মধ্যে এটি অন্যতম। এতে চ্যাম্পিয়ন ও ১ম রানারআপসহ দুটিতেই জয়লাভ করে আইবিএ ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিম 'রিকগনাইজ' এবং 'হ্যাশটাগ'। এ ছাড়া ২য় রানারআপ হয় নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের টিম 'ক্লিন স্টেট'। ইউআইইউ'র বিজনেস ক্লাবের উদ্যোগে ইউনিভার্সিটির নিজস্ব অডিটোরিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআইইউ'র ডিসি প্রফেসর ড. এম রিজওয়ান খান। উপস্থিত ছিলেন আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেডের মার্কেটিং প্রধান হিন্দল রায়, গ্রামীণফোনের মার্কেটিং ডিরেক্টর সুলাইমান আলম, ঢাকা ব্যাংক লিমিটেডের এফডিপি এবং কমিউনিকেশনস ও ব্র্যান্ডিং বিভাগের প্রধান খন্দকার আনোয়ার এহতেশাম, জেসিআই ঢাকা উত্তরের লোকাল প্রেসিডেন্ট দেলোয়ার হোসেন, ডাইরেক্টরেট অব স্টুডেন্ট অ্যাফেয়ার্সের পরিচালক মো. মঞ্জুরুল হক খান। 'মার্কেটিং সামুরাই' প্রতিযোগিতায় দেশসেরা ২৫টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ৬০টি টিম অংশগ্রহণ করে। ৩টি রাউন্ডের মাধ্যমে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ী ৩টি দলকে যথাক্রমে ১ লাখ, ৭০ হাজার এবং ৫০ হাজার টাকার চেক ও ক্রেস্ট প্রদান করা হয়। অনুষ্ঠানের টাইটেল স্পন্সর ছিল স্পিড হেব্বি এনার্জি এবং প্রাইজম্যানি স্পন্সর ছিল ঢাকা ব্যাংক লিমিটেড। সংবাদ বিজ্ঞপ্তি।